

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মৃত্যু ও জানাযা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মহানবী (সঃ) এর কবর মসজিদের ভিতরে রয়েছে। তাহলে আপনারা মসজিদের ভিতরে লাশ দাফন করতে নিষেধ করেন কেন? মহানবী (সঃ) এর কবরের উপর ঘর ও গুমুজ রয়েছে। তাহলে আপনারা তা করতে নিষেধ করেন কেন?

মহানবী (সঃ) কে মসজিদে দাফন করা হয়নি। আর নিষেধ এই জন্য করা হয় যে, "ইয়াহুদী ও খ্রিস্টানদের উপর আল্লাহ্র অভিশাপ, কারণ তারা তাদের নবীদের কবরকে মসজিদ বানিয়ে নিয়েছে।" ৪৮৪ (বুখারী ১৩৩০, মুসলিম ৫২৯ নং)

তিনি আর বলেছেন, "সাবধান! তোমাদের পূর্ববর্তী তাদের নবী ও নেক লোকেদের কবরকে মসজিদ বানিয়ে নিত। সাবধান! তোমরা কবরগুলোকে মসজিদ বানিয়ে নিয়ো না। এরূপ করতে আমি তোমাদেরকে নিষেধ করছি।" ৪৮৫ (মুসলিম ৫৩২ নং)

অনুরূপ তার কবরের উপর ঘর নির্মাণ করা হয়নি। বরং তার কবরই হয়েছিল তার ঘরের ভেতরে। যেহেতু নবীরা যেখানে ইন্তিকাল করেন, সেখানেই তাদের দাফন করা হয়। আর গমুজ বানিয়েছে পরবর্তী কালের শাসকেরা। কবরের উপর ঘর ও গমুজ বানাতে নিষেধ করা হয় এই জন্য যে, জাবের (রঃ) বলেন, "নবী (সঃ) কবর পাকা করতে, তার উপর বসতে এবং তার উপর ইমারত নির্মাণ করতে মানা করেছেনে।" ৪৮৬ (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=374

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন